বার্ষিক প্রতিবেদন
২০১৮-২০১৯

Bangladesh
Tourism Board
National Tourism Organization

বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

জাতীয় পর্যটন সংস্থা

বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

বাংলাদেশ একটি বৈচিত্র্যপূর্ণ পর্যটন সম্ভাবনাময় দেশ। বর্তমান বিশ্বে পর্যটন শিল্প সেবাখাতের অন্যতম এবং একক বৃহত্তম অর্থনৈতিক কর্মকান্ড হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে। শিল্পটি তার বহুমাত্রিক বৈশিষ্ঠ্যতার কারণে বিভিন্ন দেশে অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে। অফুরন্ত প্রাকৃতিক সৌন্দর্যমন্ডিত বাংলাদেশে পর্যটন শিল্প খুবই সম্ভাবনাময়। পৃথিবীর যে কোন পর্যটককে আকৃষ্ট করার মত সকল পর্যটন আকর্ষনীয় উপাদান বাংলাদেশে বিদ্যমান। অপার সম্ভাবনাময় বাংলাদেশের পর্যটন শিল্পকে বিশ্বব্যাপী প্রচারের উদ্দেশ্যে এবং দক্ষিণ এশিয়ার অন্যতম 'পর্যটন গন্তব্য' হিসেবে প্রতিষ্ঠা করার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার কর্তৃক পর্যটন আইন-২০১০ এর ক্ষমতাবলে ২০১০ সালের সেপ্টেম্বর মাসে জাতীয় পর্যটন সংস্থা হিসেবে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড (বিটিবি) গঠন করা হয়। প্রতিষ্ঠার পর হতে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক দেশের পর্যটনের উন্নয়ন ও বিকাশ, পর্যটন শিল্পে নিয়োজিত জনবলের দক্ষতা উন্নয়ন, পর্যটন বান্ধব সামাজিক পরিবেশ সৃষ্টি, বহির্বিশ্বে বাংলাদেশের পর্যটন শিল্পের প্রচার, বিপণন ও আন্তর্জাতিক বিভিন্ন পর্যটন সংস্থার সাথে সমন্বয়পূর্বক বিভিন্ন কর্মসূচির আয়োজন ও আয়োজিত কর্মসূচিতে যোগদান করা হয়। জাতীয় অর্থনীতিতে পর্যটন শিল্পের ক্রমবর্ধমান অবদানকে উন্নীতকরণ, বহির্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলকরণ ও বাংলাদেশকে দক্ষিণ এশিয়ার অন্যতম পর্যটন গন্তব্য হিসেবে গড়ে তোলাই জাতীয় পর্যটন সংস্থার মূল লক্ষ্য।

২. দায়িত্ব ও কার্যাবলি:

(১) পর্যটন শিল্প বিকাশের লক্ষ্যে নীতিমালা প্রণয়ন, সুপারিশ প্রদান ও প্রণীত নীতিমালা বাস্তবায়নে সহায়তা;

(২) পর্যটন শিল্পের সার্বিক উন্নয়নে গৃহীত পরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্টদের পরামর্শ বা দিকনির্দেশনা প্রদান;

(৩) পর্যটন-আকর্ষণ চিহ্নিতকরণ, সংরক্ষণ, উন্নয়ন, বিকাশ ও গণসচেতনতা তৈরী;

(৪) দায়িত্বশীল পর্যটন (Responsible Tourism) বাস্তবায়ন করার লক্ষ্যে সরকার, ব্যক্তিখাত, স্থানীয় প্রশাসন, এনজিও, নারী সংগঠন ও মিডিয়ার অংশগ্রহণের ব্যবস্থাকরণ;

(৫) বিদেশি পর্যটন প্রতিষ্ঠানের সাথে দেশীয় সরকারি বা বেসরকারী পর্যটন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যোগাযোগ স্থাপনে সহযোগিতা প্রদান ও সমন্বয় সাধন;

(৬) বাংলাদেশে পর্যটকদের আগমন এবং অবস্থানকে সহজতর ও নিরাপদ করাসহ অন্যান্য স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে সরকারের বিভিন্ন সংস্থার সাথে সমন্বয় সাধন;

(৭) পর্যটন শিল্প সহায়ক সুবিধাসমূহ সৃষ্টি এবং পর্যটন সংশ্লিষ্ট উন্নয়ন কার্যক্রমে সহায়তা প্রদান ও দেশে-বিদেশে বিপণনের বিষয়ে সরকারি ও বেসরকারি সংস্থা বা প্রতিষ্ঠান, সরকারি বিভাগ বা দপ্তরের মধ্যে নিয়মিত যোগাযোগ রক্ষা ও সমন্বয় সাধন;

(৮) পর্যটন শিল্পের মানব সম্পদ উন্নয়নে প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন ও পরিচালনায় প্রয়োজনীয় সহায়তা ও দিকনির্দেশনা প্রদান;

(৯) প্রতিবন্ধী পর্যটকদের অংশগ্রহণের সুবিধাদি নিশ্চিতকরণ;

(১০) পর্যটন শিল্পে নারীর অধিকার সংরক্ষণ ও অংশগ্রহণ বৃদ্ধি;

(১১) পর্যটন শিল্পের উন্নয়নের জন্য গবেষণা, আন্তর্জাতিক বাজার পর্যবেক্ষণ ও বিশ্লেষণপূর্বক যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ;

(১২) পর্যটন সম্পৃক্ত রুগ্ন শিল্পকে সহায়তা প্রদানকল্পে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান;

(১৩) পর্যটন সম্পর্কিত যাবতীয় মেলার আয়োজন এবং প্রচার - প্রকাশনামূলক কার্যক্রম গ্রহণে দিক নির্দেশনা প্রদান;

(১৪) পর্যটন সংক্রান্ত ডাটাবেস তৈরী করা।

৩. সাংগঠনিক কাঠামো:

বাংলাদেশ ট্যুরিজম বোর্ড গঠনের লক্ষ্য ও উদ্দেশ্য পূরণকল্পে এবং বোর্ডের কার্যক্রম যথাযথভাবে পরিচালনের লক্ষ্যে সরকারি ও বেসরকারি প্রতিনিধি সমন্বয়ে ১৭ সদস্য বিশিষ্ট একটি গভর্ণিং বডি রয়েছে। গভর্ণিং বডি'র প্রত্যক্ষ নিয়ন্ত্রণ ও পরামর্শে বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন হয়ে থাকে। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড যথাক্রমে গভর্ণিং বডি'র চেয়ারম্যান ও সদস্য-সচিব এর দায়িত্ব পালন করেন।



৪. মানব সম্পদ ব্যবস্থাপনা:

(ক) জনবল : ৩০ শে জুন ২০১৯ অনুযায়ী জনবলের তথ্য নিম্নরূপ:

ক্রম.	শ্রেণী/ গ্রেড	অনুমোদিত পদের সংখ্যা	কর্মরত পদের সংখ্যা	শূন্যপদের সংখ্যা
১	১ম শ্রেণী/ ২-৯	১৪	১৩	০১
২	২য় শ্রেণী/ ১০	০১	০১	-
৩	৩য় শ্রেণী/ ১৩-১৭	১৩	০৮	০৫
৪	৪র্থ শ্রেণী/ ১৮-২০	১২	০৮	০৪
সর্বমোট		**৪০**	**৩০**	**১০**

বাংলাদেশ ট্যুরিজম বোর্ড-এর জনবল কাঠামোর পুনঃবিন্যাসের জন্য মার্চ ২০১৯ এ জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিষ্ট অনুযায়ী তথ্য প্রমাণকসহ ৭৫টি নতুন পদ সৃজনসহ মোট ১১৫টি পদের পূর্ণাঙ্গ সংশোধিত প্রস্তাব বাংলাদেশ ট্যুরিজম বোর্ড হতে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। জনবল বৃদ্ধির কার্যক্রমটি প্রক্রিয়াধীন রয়েছে।

(খ) প্রশিক্ষণ :

কর্মকর্তা/কর্মচারীদের দাপ্তরিক দক্ষতা বৃদ্ধির জন্য ২০১৮-১৯ অর্থ বছরে প্রশিক্ষণের তথ্যাদি নিম্নরূপ:

কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের মাসভিত্তিক বিবরণ (জনঘন্টা)													
শ্রেণী	জুলাই	আগষ্ট	সেপ্টে	অক্টোবর	নভেম্বর	ডিসে	জানু	ফেব্রু	মার্চ	এপ্রিল	মে	জুন	মোট
১ম	৭৮	২৬	৭৮	৬৫	৫২	১৫৬	৫২	৭৮	২৪	৫২	২৬	৬৫	৭৫২
২য়	১০	২	৬	৪	৪	১২	৪	৬	২	৪	২	৫	৬১
৩য়	৪০	১৬	৪৮	৩২	৩২	৭২	৪৮	৪৮	১৬	৪৮	১৬	৪০	৪৫৬
৪র্থ	৪০	১৬	০	৩২	৩২	৪০	৩৫	৪২	১৬	৪০	১৬	৪০	৩৪৯
	সর্বমোট												১৬১৮

২০১৮-১৯ অর্থবছরে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ ও প্রশিক্ষণার্থীর বিবরণ:

ক্রম.	প্রশিক্ষণের নাম	সাল ২০১৮-২০১৯	
		প্রশিক্ষণের সংখ্যা	প্রশিক্ষণার্থীর সংখ্যা
১	নবাগত ট্যুর অপারেটরদের প্রশিক্ষণ	৩	৭৫
২	ট্যুর গাইড প্রশিক্ষণ	৩	৯০
৩	স্ট্রিটফুড ভেন্ডর প্রশিক্ষণ	৫	২১৮
৪	কমিউনিটি বেইজড ট্যুরিজম প্রশিক্ষণ	৫	১০৪
	মোট	১৬	৪৮৭

৫. বাজেট: ৩৮,৫০,০০,০০০/- (আটত্রিশ কোটি পঞ্চাশ লক্ষ) টাকা।

কোড	খাতের নাম	সংশোধিত বাজেট ২০১৮-১৯	মোট ব্যয়	অব্যয়িত
৩৬ ৩১ ১০১	বেতন বাবদ সহায়তা:	৮৮,০০,০০০/-	৮১,২৪,৯৪১/-	৬,৭৫,০৫৯/-
৩৬ ৩১ ১০২	ভাতাদি বাবদ সহায়তা:	৫১,০৩,০০০/-	৪৮,৮০,৬৬৫/-	২,২২,৩৩৫/-
৩৬ ৩১ ১০৩	পণ্য ও সেবা বাবদ সহায়তা:	৩৫,৯০,৯৭,০০০/-	২৭,১০,৭৪,৭৮০/-	৮,৮০,২২,২২০/-
৩৬ ৩১ ১০৭	বিশেষ অনুদান:	১৯,০০,০০০/-	৮,২৪,৪৬২/-	১০,৭৫,৫৩৮/-
৩৬ ৩১ ১৯৯	অন্যান্য অনুদান:	১,০১,০০,০০০/-	৫৪,৭৮,২০৯/-	৪৬,২১,৭৯১/-
মোট		৩৮,৫০,০০,০০০/-	-	-
জেলা থেকে আগত ২০১৭-১৮ অর্থ বছরের ০১ কোটি টাকাসহ		**৩৯,৫০,০০,০০০/-**	**৩০,০৩,৮৩,০৫৭/-**	**৯,৪৬,১৬,৯৪৩/-**

৬. সার্বিক কর্মকান্ড ও উল্লেখযোগ্য অর্জন

২০১৮-২০১৯ অর্থ বছরে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক গৃহীত ও সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ নিম্নরূপ:-

জাতীয় শোক দিবস পালন:

১৫ আগস্ট ২০১৮ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের নেতৃত্বে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড-এর কর্মকর্তা/কর্মচারীগণ শোক র‍্যালীসহ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান-এর স্মৃতিস্তম্ভে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করে এবং ১৬ আগস্ট বিটিবির সম্মেলন কক্ষে বিশেষ আলোচনা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

ছবি: জাতীয় শোক দিবস ২০১৮ উপলক্ষ্যে জাতির পিতার স্মৃতিস্তম্ভে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

বিশ্ব পর্যটন দিবস ২০১৮ উদযাপন:

২৭ সেপ্টেম্বর ২০১৮ বিশ্ব পর্যটন দিবসের গৃহিত সকল কর্মসূচি আড়ম্বরপূর্ণ পরিবেশে উদযাপন করা হয়। ব্যানার, ফেস্টুন, প্লেকার্ড, পর্যটন শিল্পের প্রদর্শন ও প্রচারণার জন্য ঘোড়ার গাড়ী, সুসজ্জিত পিক-আপ-এ বাউল সঙ্গীত পরিবেশন ইত্যাদিসহ বর্ণাট্য র‍্যালী আয়োজন; শহরের গুরুত্বপূর্ণ সড়কদ্বীপ, ফুট ওভারব্রীজসহ নির্ধারিত সড়ক ব্র্যান্ডিং; বিশেষ ক্রোড়পত্র প্রকাশ; আলোচনা সভা, টক-শো, ফুড ফ্যাস্টিভাল, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি আয়োজন ও বাস্তবায়ন করা হয়।

ছবি: বিশ্ব পর্যটন দিবস ২০১৮ উদযাপন

আন্তর্জাতিক সভা সেমিনার ও আন্তর্জাতিক অর্জন :

- ২০১৮-১৯ এর অর্থায়নে OIC কর্তৃক ঘোষিত "Dhaka as the OIC City of Tourism-2019" এর দুইদিন ব্যাপি অফিসিয়াল সেলিব্রেশন ১১-১২ জুলাই ২০১৯ অনুষ্ঠিত হয়। ১১ জুলাই সকালে রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে 'ওআইসি সিটি অব ট্যুরিজম-২০১৯'এর শুভ উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ উপলক্ষে অনুষ্ঠানের ব্যাপক প্রস্তুতি গ্রহণসহ ওআইসি ভুক্ত সদস্য দেশগুলোতে প্রচারের উদ্দেশ্যে ঢাকা মহানগরীর দর্শণীয় স্থানসমূহের একটি প্রামাণ্য চিত্র 'Unparallel Dhaka' নির্মাণ করা হয়। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ১২ জুলাই রাতে হাতিরঝিলে কনসার্ট, লেজার-শো এবং ফায়ারওয়ার্ক প্রদর্শন করে।

Picture: Official Celebration Dhaka the OIC City of Tourism 2019

- বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের প্রতিনিধি দল ৯-১২ মে ২০১৯ ফিলিপাইনের সেবুতে PATA Annual Summit-2019 শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্সে অংশগ্রহণ করেন। PATA Annual Summit-2019 এ ২০১৯-২০২০ সময়ের জন্য সদস্য দেশসমূহ কর্তৃক PATA এর অন্যতম Government/Destination Committee এর ভাইস চেয়ারম্যান নির্বাচিত হন বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. ভুবন চন্দ্র বিশ্বাস।

Picture: PATA Annual Summit-2019

- ৩১ মে হতে ১ জুন ২০১৯ মরিশাস এ অনুষ্ঠিত World Travel Awards Gala Ceremony For Africa & Indian Ocean বাংলাদেশ ট্যুরিজম বোড্রের পক্ষে অংশগ্রহণ করেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মাহবুব আলী।
- বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের প্রতিনিধি দল ০৩-০৫ জুন ২০১৯ ভুটানের থিম্পুতে অনুষ্ঠিত "31st Joint Meeting of the UNWTO Commission for East Asia and the Pacific (CAP) and the UNWTO Commission for South Asia (CSA), 57th Meeting of the UNWTO Commission for South Asia (CSA), 53rd Meeting of the UNWTO Commission for East Asia and the Pacific (CAP) & UNWTO Regional Conference on Sustainable Development through Tourism" শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্সে অংশগ্রহণ করেন। 57th meeting for UNWTO Commission for South Asia (CSA) এ বাংলাদেশ UNWTO এর সাধারণ পরিষদের ভাইস প্রেসিডেন্ট ও ক্রিডেন্সিয়াল কমিটির সদস্য নির্বাচিত হয়।

57th Meeting of the UNWTO Commission for South Asia (CSA)

এ সকল অংশগ্রহণের ফলে আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশকে উপস্থাপনের সুযোগ সৃষ্টি হয়। কনফারেন্সের মাধ্যমে লব্ধ জ্ঞান এবং পর্যটন উন্নয়নে আন্তর্জাতিক উদ্ভাবন ও ধারণা প্রয়োগপূর্বক বাংলাদেশের পর্যটন উন্নয়নে গুরুত্বপূর্ন অবদান রাখা সম্ভব হবে।

উন্নয়ন ভাবনায় পর্যটন শীর্ষক কর্মশালা:

বাংলাদেশের পর্যটন সেবার মান উন্নয়নে জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ এবং উন্নয়ন ভাবনায় পর্যটন শিল্পকে সম্পৃক্তকরণের লক্ষ্যে ০৩ এপ্রিল ২০১৯ খ্রি. ঢাকায় সিরডাপ মিলনায়তনে এবং ২৫ এপ্রিল ২০১৯ খ্রি. কক্সবাজারে হোটেল শৈবালে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক "উন্নয়ন ভাবনায় পর্যটন" শীর্ষক দিনব্যাপী কর্মশালা আয়োজন করা হয়েছে।

কমিউনিটি বেইজড ট্যুরিজম উন্নয়ন:

কমিউনিটি বেইজড ট্যুরিজম উন্নয়নের লক্ষ্যে ২০১৮ সালে মানিকগঞ্জের সাঁটুরিয়ার পর্যটন সমৃদ্ধ অঞ্চলসমূহের স্থানীয় জনগোষ্ঠীকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান শেষে হোমস্টে কার্যক্রম বাস্তবায়নের জন্য অসমাপ্ত কাজ সম্পন্ন করা হয়। ১৪-১৬ জুন ২০১৯ দেলদুয়ার (টাঙ্গাইল), ২১-২২ জুন ২০১৯ দাকোপ (খুলনা), শ্রীমঙ্গল (সিলেট), বিরিশিরি (নেত্রকোনা) এবং ২৯-৩০ জুন পাহাড়পুর (নওগাঁ)-তে 'কমিউনিটি বেইজড ট্যুরিজম' বিষয়ক প্রশিক্ষণে কমিউনিটি বেইজ ট্যুরিজমের প্রকৃতি, হোস্টের দায়িত্ব ও কর্তব্য, পর্যটকদের জন্য ভ্রমণ পরিকল্পনা প্রণয়ন, পর্যটক আতিথেয়তা, বিভিন্ন স্বাস্থ্যবিধি, খাদ্য নিরাপত্তা, মাননিয়ন্ত্রণ ও সংরক্ষণ কমিউনিটি বেইজ ট্যুরিজমে উদ্যোক্তা হিসেবে গড়ে ওঠার জন্য হোস্ট পরিবারের প্রয়োজনীয় গুণাবলী, পর্যটকদের স্থানীয় সংস্কৃতি ও পরিবেশের সাথে খাপ খাওয়ানোর কৌশল পর্যালোচনা, পর্যটন অঞ্চলের নিরাপত্তা ও পর্যটকদের নিরাপদ ভ্রমণে সার্বিক ব্যবস্থা গ্রহণ, পরিবেশ ও জীববৈচিত্র রক্ষা এবং বর্জ্য ব্যবস্থাপনা, Sustainable Tourism/ responsible tourism এর ধারণাসহ পর্যটনের মৌলিক বিষয়সমূহ অন্তর্ভুক্ত করে প্রশিক্ষণ প্রদান করা হয়।

আন্তর্জাতিক পর্যটন মেলা ও প্রদর্শনীতে অংশগ্রহণ:

বহির্বিশ্বে দেশের পর্যটন শিল্পের প্রচার ও দেশীয় ট্যুর অপারেটরদের দ্বিপাক্ষিক ব্যবসায়িক আলোচনা সভা (বিটুবি) আয়োজন, ইনবাউন্ড ট্যুরিস্টদের বাংলাদেশ ভ্রমণে আগ্রহ বৃদ্ধি এবং ট্যুর প্যাকেজ বিনিময় সহজতর করার লক্ষ্যে ০৬-০৮ জুলাই ২০১৮ খ্রি. তারিখে Travel & Tourism Fair (TTF) Kolkata-2018, ১২-১৪ সেপ্টেম্বর ২০১৮ মালয়েশিয়ার Langkawi'তে PATA Travel Mart, ২০-২৩ সেপ্টেম্বর ২০১৮ জাপানের টোকিওতে Tourism Expo Japan (JATA), ০৫-০৭ নভেম্বর ২০১৮ লন্ডনে World Travel Market (WTM), ১৬-১৮ নভেম্বর ২০১৮ চীনের সাংহাই এ China International Travel Mart (CITM), ১৮-১৯ জানুয়ারি ২০১৯ নয়াদিল্লী-তে Business and Luxury Travel Mart Delhi, (BLTM), ১০-১২ ফেব্রুয়ারি ২০১৯ ইতালি'র মিলান-এ BIT – International Travel Exhibition, ০৬-১০ মার্চ ২০১৯ জার্মানীর বার্লিনে Internationale Tourismus-Borse Berlin, ১৫-১৭ এপ্রিল ২০১৯ চীনের বেইজিং এ China Outbound Travel & Tourism Mart (COTTM), ২৮ এপ্রিল-০১ মে ২০১৯ সংযুক্ত আরব আমিরাতের দুবাই এ Arabian Travel Mart (ATM), ০৬-০৯ জুন ২০১৯ দক্ষিণ কোরিয়ার সিউলে Seoul International Tourism Industry Fair (SITIF) ২০১৯ শীর্ষক মোট ১১টি আন্তর্জাতিক পর্যটন মেলায় বাংলাদেশ ট্যুরিজম বোর্ড অংশীজনসহ অংশগ্রহণ করে। মেলা চলাকালে সংশ্লিষ্ট দেশ ও আশেপাশের দেশের পর্যটন সাংবাদিক ও ট্যুর অপারেটরদের সাথে বিটিবি'র প্রতিনিধি দলের বৈঠক অনুষ্ঠিত হয়। ০৬-০৯ জুন ২০১৯ দক্ষিণ কোরিয়ার সিউলে SITIF মেলায় বাংলাদেশ ট্যুরিজম বোর্ড Best Tourism Marketing Award অর্জন করে।

দেশীয় পর্যটন মেলা ও প্রদর্শনীতে অংশগ্রহণ:

বাংলাদেশের পর্যটন শিল্পের প্রচারের লক্ষ্যে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক ০৯ জানুয়ারি থেকে ০৮ ফেব্রুয়ারি সময়ে আয়োজিত ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (DITF)-২০১৯ এ অংশগ্রহণ করা হয়। এতে দেশীয় পর্যটকদের নিকট বাংলাদেশের পর্যটন শিল্পের প্রচার এবং পর্যটন আকর্ষণসমূহ তুলে ধরা সম্ভব হয়। এছাড়া দেশীয় বিভিন্ন পর্যটন মেলা যেমন- ২৮-৩০ সেপ্টেম্বর ২০১৮ ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় Asian Tourism Fair (ATF) 2018, ৪-৬ অক্টোবর ২০১৮ কেন্দ্রীয় উন্নয়ন মেলা, ঢাকা এবং উন্নয়ন মেলা, যশোর, ৪-৬ অক্টোবর ২০১৮ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত "Bangladesh International Tourism Fair (BITF)-2018", ২১-২৩ মার্চ ২০১৯ প্যান প্যাসিফিক সোনারগা হোটেল এ Dhaka travel Mart, ১৮-২০ এপ্রিল ২০১৯ বঙ্গবন্ধু ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টার (BICC) এ অনুষ্ঠিত বাংলাদেশ ট্রাভেল এন্ড ট্যুরিজম ফেয়ার (BTTF)-২০১৯ শীর্ষক দেশীয় পর্যটন মেলায় বাংলাদেশ ট্যুরিজম বোর্ড অংশগ্রহণ করেছে। উক্ত মেলাসমূহে অংশগ্রহণের মাধ্যমে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড অভ্যন্তরীণ পর্যটন শিল্পের বিপণন ও প্রচারে কার্যকর ভূমিকা পালন করে আসছে।

পরিচিতিমূলক (Familiarization Tour) ভ্রমণের আয়োজন:

১৩-২৩ এপ্রিল ২০১৯ সময়ে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক ২টি পরিচিতমূলক ভ্রমণের আয়োজন করা হয়েছে। বিদেশে বাংলাদেশের পর্যটন প্রচারের কৌশল হিসেবে বিদেশেস্থ বাংলাদেশ দূতাবাসসমূহের মাধ্যমে প্রতিশ্রুতিশীল ও প্রতিভাবান ট্যুর অপারেটর এবং ট্যুরিজম জার্নালিস্টদের নির্বাচন করতঃ তাঁদেরকে বাংলাদেশের পর্যটন আকর্ষণ স্থান সমূহে ভ্রমণের ব্যবস্থা করা হয়, যেন তাঁরা তাঁদের দেশের পর্যটকদের বাংলাদেশ সম্পর্কে আগ্রহ সৃষ্টি করতে সক্ষম হন। এ পরিচিতিমূলক ভ্রমণে এশিয়ার দেশসমূহের মধ্যে চীনের ০৪ জন, কোরিয়ার ০৩ জন, জাপানের ০৩ জন, থাইল্যান্ডের ০২ জন এবং লেবাননের ০৩ জনসহ মোট ১৫ জন এবং ইউরোপের দেশসমূহের মধ্যে যুক্তরাজ্যের ০৩ জন, স্পেনের ০২ জন, নেদারল্যান্ডের ০৪ জন, ইতালি ও বেলজিয়ামের ০১ জন করে মোট ১১ জনসহ সর্বমোট ২৬ জন ট্যুরিজম জার্নালিস্ট ও ট্যুর অপারেটর অংশগ্রহণ করেন।

জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল ২০১৮-১৯ বাস্তবায়ন ও অংশীজন সভা:

জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়নে দৈনন্দিন কার্যক্রমে স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে ১৯ আগষ্ট ২০১৮ তারিখ সকাল ১১.০০ টায় অংশীজনের পরিচিতি ও মতবিনিময় সভা আয়োজন করা হয়। ২৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ বাংলাদেশ ট্যুরজম বোর্ডের অংশীজন সমন্বয়ে "জাতীয় শুদ্ধাচার কৌশল ও পর্যটন শিল্পের উন্নয়ন" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে আলোচনায় অংশগ্রহণ করেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মো: মাহবুব আলী, এম.পি.। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ট্যুরজম বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. ভুবন চন্দ্র বিশ্বাস। ২৫ জুন ২০১৯ তারিখ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৮-১৯ এ

অর্ন্তভুক্ত কার্যক্রম বাস্তবায়ন ও বাংলাদেশ ট্যুরিজম বোর্ড-এর কর্মচারীদের প্রণোদনা প্রদানের লক্ষ্যে ২ জনকে ২ ক্যাটাগরিতে ২০১৮-১৯ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়।

ছবি: অংশীজন সমন্বয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল ও পর্যটন শিল্পের উন্নয়ন শীর্ষক কর্মশালা

জনসচেতনতা মূলক কর্মসূচি বাস্তবায়ন:

পর্যটক সেবা ও পর্যটন সম্পদ সুরক্ষায় জানুয়ারি ২০১৯ মাসে বগুড়া, শেরপুর, সুনামগঞ্জ, পঞ্চগড় ও রাঙ্গামাটি জেলায় জেলার সর্বস্তরের কর্মকর্তাগণসহ উল্লেখযোগ্য স্টেকহোল্ডারদের উপস্থিতিতে জেলা প্রশাসনের সহায়তায় পর্যটন বিষয়ে জনসচেতনতামূলক কর্মশালা আয়োজন করা হয়।

সাংবাদিকতায় ফেলোশীপ প্রদান:

সাংবাদিকবৃন্দকে পর্যটন বিষয়ক সাংবাদিকতায় উৎসাহ প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক ৩টি ক্যাটাগরিতে ১০ (দশ) জন সাংবাদিককে তাঁদের উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি স্বরুপ ফেলোশীপ "পর্যটন অ্যাওয়ার্ড - ২০১৮" প্রদান করা হবে। পর্যটন শিল্পকে দেশে বিদেশে তুলে ধরার ক্ষেত্রে সাংবাদিকদের দক্ষতা বৃদ্ধিতে সাংবাদিকতার উপর ফেলোশীপ প্রদান বাংলাদেশকে বিশ্বের দরবারে ভিন্ন আঙ্গিকে দেখার সুযোগ সৃষ্টি করবে।

দেশের সম্ভাবনাময় পর্যটন এলাকায় পর্যটন সুবিধাদি প্রবর্তন:

২০১৮-১৯ অর্থবছরে দেশের পর্যটক আকর্ষণীয় স্থানসমূহে পর্যটন সুবিধাদি সৃষ্টির জন্য স্থানীয় জেলা প্রশাসকগণের চাহিদার ভিত্তিতে মোট ১৫টি জেলায় ২১ টি স্পটে পর্যটন আকর্ষণ স্থানের ভৌত সুবিধাদি উন্নয়ন ও অন্যান্য পর্যটন সুবিধাদি প্রবর্তনের জন্য প্রয়োজনীয় ব্যয় বাবদ ভ্যাটসহ সর্বমোট ১৬,৬৪,০৪,৯৯১/- (ষোল কোটি চৌষট্টি লক্ষ চার হাজার নয়শত একানব্বই) টাকা বরাদ্দ প্রদান করা হয়। প্রদত্ত অর্থে সংশ্লিষ্ট জেলার সম্ভাবনাময় পর্যটন এলাকাসমূহে পর্যটকদের জন্য পানির ব্যবস্থা, বসার ছাউনী, শৌচাগারসহ বিভিন্ন সুবিধাদি সৃষ্টি করা হবে। ফলে সংশ্লিষ্ট অঞ্চলসমূহে পর্যটকদের আরামদায়ক ভ্রমণ নিশ্চিত হবে এবং পর্যটকদের যাতায়াত বৃদ্ধি পাবে।

৭. অন্যান্য উল্লেখযোগ্য কার্যক্রম:

- ওয়েব মেইল আইডি তৈরি ও বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের নিজস্ব ডোমেইনে ই-মেইল একাউন্ট চালু করা হয়েছে।
- ২৭ -২৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখ Tourism Fest 2018 উদযাপন উপলক্ষে ATJFB কে স্পন্সর প্রদান করা হয়।
- ২৬ অক্টোবর ২০১৮ তারিখ Better Bangladesh Foundation কর্তৃক Seminar on Achieving SDG through tourism আয়োজনে স্পন্সর প্রদান করা হয়।
- ১৯ এপ্রিল ২০১৯ তারিখে ভ্রমণ ট্রাভেল ম্যাগাজিন এর নদী ও জলকেন্দ্রিক পর্যটন সম্ভাবনা ও চ্যালেঞ্জ সংক্রান্ত সেমিনারে পর্যটন প্রচারে স্পন্সর প্রদান করা হয়।
- ২৩ এপ্রিল হতে ৩ মে ২০১৯ সময়ে K-sports ও বাফুফে'কে Bangamata U19 Women's International Gold Cup 2019 টুর্ণামেন্টে পর্যটন প্রচারে বিটিবি কর্তৃক স্পন্সর প্রদান করা হয়।
- ২৫-২৭ এপ্রিল ২০১৯ সময়ে বাংলাদেশ এসোসিয়েশন এর ৫ম জাতীয় সার্ফিং প্রতিযোগিতা আয়োজনে পর্যটন প্রচারে বিটিবি কর্তৃক স্পন্সর প্রদান করা হয়।

- ফটো-কম্পিটিশন আয়োজনের লক্ষ্যে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, ফটোগ্রাফিক সোসাইটি এবং অংশীজনের প্রতিনিধিসহ জুরি বোর্ড গঠন এবং প্রতিযোগিতা ও প্রদর্শনী আয়োজনের অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

৮. ভবিষ্যত কর্ম পরিকল্পনা:

- ২০১৯-২০ অর্থবছরের মধ্যে পর্যটন মহাপরিকল্পনা প্রণয়নের ১ম ফেজ সম্পন্নকরণ।
- পর্যটন বিষয়ক ওয়েব পোর্টাল ও ডাটাবেইজ প্রস্তুত, হালনাগাদ করণ ও সংরক্ষণ।
- বিটিবি ও বাপক এর যৌথ প্রকল্পের আওতায় কক্সবাজারে নান্দনিক হিলটপ সাইন, কুয়াকাটায় উন্মুক্ত সাংস্কৃতিক মঞ্চ স্থাপন, কুয়াকাটার ঐতিহ্যবাহী রাখাইন নৌকার সংস্কার, ব্যাকওয়াটার ট্যুরিজম উন্নয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট অঞ্চলসমূহে প্রয়োজনীয় অবকাঠামো ও পর্যটন সুবিধাদির সৃষ্টি এবং পার্বত্য জেলাসমূহে ট্রেকিং রোড উন্নয়নের পরিকল্পনা বাস্তবায়ন।
- দেশের ৮ টি বিভাগ ও ১২ টি জেলা শহরসহ মোট ২০ টি স্থানে পর্যটন তথ্যকেন্দ্র স্থাপন।
- বাংলাদেশের পর্যটন আকর্ষণসমূহের পরিচিতি বহিঃবিশ্বে ফলপ্রসূভাবে প্রচারের লক্ষ্যে বিভিন্ন বিদেশী ভাষায় প্রচার সামগ্রী মুদ্রণ।
- বিভিন্ন পর্যটন আকর্ষণের প্রামান্য চিত্র (টিভিসি) তৈরী করে স্থানীয়/আন্তর্জাতিক টিভি চ্যানেল ও স্যোসাল মিডিয়ায় প্রচার।
- স্পোর্টস ও এ্যাডভেঞ্চার ট্যুরিজম উন্নয়নে বিভিন্ন কার্যক্রম গ্রহণ।